# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৮০]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ১: দ্বিতীয় রাকআত হতে দাঁড়াতে তাকবীর বলা

التَّكْبِيرُ إِذَا قَامَ مِنْ الرَّكْعَتَيْنِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَصَمِّ، قَالَ: سُئِلَ أَنَسُ بْنُ مَالِكٍ، عَنِ التَّكْبِيرِ فِي الصَّلَاةِ، فَقَالَ: يُكَبِّرُ إِذَا رَكَعَ وَإِذَا سَجَدَ، وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ السُّجُودِ، وَإِذَا قَامَ مِنَ الرَّكْعَتَيْنِ ، فَقَالَ حُطَيْمٌ عَمَّنْ تَحْفَظُ هَذَا، فَقَالَ: عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، ثُمَّ سَكَتَ، فَقَالَ لَهُ حُطَيْمٌ: وَعُثْمَانُ، قَالَ: وَعُثْمَانُ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٩٨٧)، مسند احمد ٣/١٢٥، ١٣٢، ١٧٩، ٢٥١، ٢٥٧، ٢٦٢ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1180 - صحيح الإسناد

বাংলা

১১৭৯. কুতায়বাহ্ ইবনু সাঈদ (রহ.) ..... ’আবদুর রহমান ইবনু আসম (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আনাস ইবনু মালিক (রাঃ) সালাতে তাকবীর বলা সম্পর্কে জিজ্ঞাসিত হলে বললেন, (মুসল্লী) তাকবীর বলবে, যখন সে রুকূতে যাবে, সিজদায় যাবে, সিজদা হতে তার মাথা উঠাবে এবং যখন দ্বিতীয় রাকআত হতে দাঁড়াবে। হুত্বয়ম (রহ.) [আনাস ইবনু মালিক (রাঃ)-কে] প্রশ্ন করলেন, কার কাছ হতে আপনি এগুলো শুনেছেন? তিনি বললেন, নবী (সা.), আবূ বকর (রাঃ) এবং ’উমার (রাঃ) হতে। তখন হুত্বয়ম (রহ.) তাঁকে বললেন, আর ’উসমান (রাঃ)? তিনি বললেন, ’উসমান (রাঃ) হতেও।

## English

1. The Takbir When Standing Up Following Two Rak'ahs

It was narrated that 'Abdur-Rahman bin Al-Asamm said: Anas bin Malik was asked about the takbir in the prayer. He said: The takbir should be said when bowing, when prostrating, when raising one's head from prostration and when standing up following the first two rak'ahs.' Hutaim said: 'From whom did you learn this?' He said: 'From the Prophet (ﷺ), Abu Bakr and 'Umar, may Allah (SWT) be pleased with them.' Then he fell silent and Hutaim said to him: 'And 'Uthman?' He said: 'And 'Uthman.'

## ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ১৩৬৬১, বায়হাকী’র “সুনানুল কুবরা" (২/৬৮)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন আসিম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87553

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন